

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd


স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/ ১৬৭

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় প্রাথমিকস্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য প্রেরণের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যানবেইস কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় দেশের প্রাথমিকস্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের কার্যক্রম ২৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। উক্ত সময়ে ৩৬৬২০টি প্রাথমিকস্তরের শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩০৫২০টি প্রতিষ্ঠান ব্যানবেইস সার্ভারে তথ্য আপলোড সম্পন্ন করেছে। এখনও ৬১০০টি প্রতিষ্ঠান তথ্য আপলোড সম্পন্ন করে নাই।

এমতাবস্থায়, নন-সাবমিটেড ৬১০০টি প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড সম্পন্ন করার লক্ষ্যে, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিশেষ অনুরোধে শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর কার্যক্রম ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উক্ত সময়ের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে (www.banbeis.gov.bd) প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। জেলাসমূহের e_monitoring ও জরিপ কার্যক্রম তদারকির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করবেন।


(মোঃ কায়দুর রহমান)

পরিচালক

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

E-mail: director@banbeis.gov.bd

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা.....অঞ্চল।
- ২। উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা.....অঞ্চল।
- ৩। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা.....অঞ্চল।
- ৪। জেলা শিক্ষা অফিসার (সকল).....জেলা।
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)..... উপজেলা/থানা।
- ৬। সহকারী প্রোগ্রামার (ইউআইটিআরসিই), উপজেলা জেলা.....।
- ৭। জরিপ কার্যক্রম তদারকির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য);
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৬। চিফ, পরিসংখ্যান বিভাগ/ চিফ, ডিএলপি বিভাগ/ সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস, ঢাকা;
- ৭। উপপরিচালক (প্রশাসন/অর্থ), ব্যানবেইস, ঢাকা;
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্যানবেইস (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৯। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্যানবেইস (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১০। অফিস কপি।